

বিসিএস শিক্ষা সমিতির সম্মেলন ২০০২ পরীক্ষায় নকল প্রবণতা এক সর্বগ্রাসী কালব্যাদি : শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

পরীক্ষায় নকল প্রবণতা এক সর্বগ্রাসী কালব্যাদি। কেউ বলেন, এটা জাতির জন্য ক্যাম্পার। ক্যান্সার যে রকম নিঃশব্দ আততায়ীর মতো এসে সব শেষ করে দেয় নকলও সেরকম নিঃশব্দ ঘাতকের মতো আজ জাতিকে ধ্বংস করে দিচ্ছে। শুধু প্রতিরোধ নয়, চিরতরে নকল প্রবণতাকে উৎখাত করতে না পারলে জাতির অস্তিত্ব বিপন্ন হয়ে পড়বে। ঢাকা কলেজ মিলনায়তনে বিসিএস শিক্ষা সমিতি আয়োজিত নকলমুক্ত শিক্ষাদান বিষয়ক সেমিনার, শিক্ষক সম্মেলন ২০০২ ও ক্যাডারে নবাগত প্রভাষকদের সংবর্ধনা অনুষ্ঠানে

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক এ কথা বলেন। তিনি নকল প্রতিরোধের ক্ষেত্রে অভিভাবক, শিক্ষক এবং সমাজের সর্বস্তরের বিবেকবান নাগরিকের সহযোগিতা কামনা করেন। মন্ত্রী সকাল ১০টায় তোপখানা রোডে মেহেরবা প্রাজায় সমিতির সদস্যদের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে গড়ে তোলা শিক্ষাবিদ ইন্সটিটিউট উদ্বোধন করেন। তারপরই বেলা ১১টায় ঢাকা কলেজ মিলনায়তনে শুরু হয় শিক্ষক সম্মেলন। সম্মেলনে সমিতির নবনির্বাচিত মহাসচিব আইকে সেলিম উল্লাহ খোন্দকার শিক্ষামন্ত্রী ও শিক্ষা উপমন্ত্রীর উপস্থিতিতে সারাদেশের বিসিএস শিক্ষকদের দাবি দাওয়া ও দুর্দশার চিত্র পেশ করেন।